5251 — I— 01267 — 5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु. — R$5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

Admissible under Regn. Rule 21 duly stamped under the Indian stamp Act-1899 as ammended by Act-III of-1922 & section 82 (I) of the Calcutta Improvement Act-1911 schedule..........
1A.......... 23+4
Stamp duly paid under the Indian Stamp Act, -1899 of Amended in 1964 Rs..........
Additional duty paid under the Calcutta Improvement Act-1911 Rs..........P..........
Total Rs..........

Dist. Sub-Registrar III
Alipore. South 24-Parganas
20/2/03

[illegible] (S) [illegible] provisions of [illegible]
Valuation of Instruments Rule 1994
Market Value Assessed Rs 422400/-
Deficit Stamp Duty of Rs 9620/
Dist. Sub-Registrar III
Alipore. South 24-Parganas
25/07/01

D. S. D. Rs.......... 9650/-
vide D.D. No.......... 581991
Dated.......... 17/2/03
D. A. Rs.......... 1061/-

D. S. R.-III
24-Pgs (S)
20/2/03

A 2519
E 7
H 28
MB 4
2558

মং ২ , ৩০, ০০০ দুইলক্ষ ত্রিশ হাজার টাকা মূল্যের

সাফ বিক্রয় কোবালা দলিল :-

************************************ *

কোবালা গ্রহিতা :- শ্রী স্বপন মন্ডল , পিতা- স্বর্গীয় বিপদ বারন মন্ডল ,

************* জাতি- হিন্দু, পেশা- ব্যবসা , সাং নয়াবাদ , থানা- পূর্ব্ব যাদবপুর

কোলকাতা- ৭০০০৯৯ ।।

**********************************************

13503 Swapan Mondal.
Nayabad, Purbe Jadavpur
Kol-99

Presented for registration ... 25th
... 2002 ... 12-57 ... July
... Sub-Registrar of Alipore
... Executant / Claimant ... Kana Nag
... Attorney for ...

3 — 15000
6 — 3000
4 — 400
1 — 10
18,410

Dist. Sub-Registrar III, Alipore, South 24-Parganas
25-7-02

Office of the Dist Sub-Registrar III, South 24 Parganas, Alipore

Mrs. Kana Nag

6587

Mrs. Kana Nag.

Name Kana Nag
W/o Nirode Baran Nag
of B-18 Kasturi Nagar P.S. Jadavpur
Dist South 24 Parganas Cal-32
by Caste Hindu
by Profession H.-wife

Nirod Baran Nag.
Son of Late Nalini Behari Nag.
736, Vijay Nagari.
Waghbil Naka
G.B. Road.
Thane (W) - 400601
Retired.

Nag

Name Nirod Baran Nag
S/o. Lt. Nalini Behari
of 736 Vijay Nagari
Waghbil Naka G.B. Rd
Dist South 24 Parganas Cal-601
by Caste Hindu
by Profession Retd.

Dist. Sub-Registrar III, Alipore, South 24-Parganas
25-7-02

5000Rs.




( ২ )

Mrs. Kana Nag

কোবালা দাতা :- শ্রীমতী কনা নাগ , স্বামী- শ্রী নিরোদ বরন নাগ ,

************ জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী , সাং বি - ১৮ কার্জুনগর ,

থানা- যাদবপুর , কোলকাতা- ৭০০০৩২ ।।

***********************

কস্য খান ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ত্বের স্থানীয় মাপে কমবেশ ৫ কাঠা ১০ ছটাক ৫ বর্গফুট শালী জমি যায় উক্ত জমির দক্ষিন পার্শস্থ নিজস্ব ১০´ফুট প্রশস্থ সহ মোট ২০´ফুট প্রশস্থ কমন রাস্তার সমস্তপ্রকার ব্যবহারিক ও ইজমেন্ট স্বত্ব সহ সম্পূর্ন নির্দায় ও নির্দ্দোষ সম্পত্তির সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্যঞ্চাগে :-

INDIA NON JUDICIAL

५000रु.

R$ 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES



Mrs. Kana Nag

জেলা দক্ষিন ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ তৎপর যাদবপুর পরে কসবা, হাল থানা পূর্ব্ব যাদবপুর, সাবরেজিষ্ট্রী অফিস সাবেক আলিপুর অধুনা শিবাদহ, পরগণা খাসপুর অত্র জেলা কালেক্টারীর মহাল ৫৬ নং তৌজিভুক্ত, রে : সা : নং ৩, জে : এল : নং ২৫, মৌজা নয়াবাদ গ্রামে যাহা অধুনা কোলকাতা মিউনিসিপ্যাল করপোরেশানের '১০৯' নং ওয়ার্ডের অধীন, উক্ত নয়াবাদ মৌজার হাল রিভিশন্যাল সেটেলমেন্ট জরীপের ৭৬ নং খতিয়ানভুক্ত বার্ষিক ১১.১৬ টাকা খাজনার রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের মোট ২.৬৩ শতক জমি সাং আটঘরা থানা সোনারপুর জেলা দক্ষিন ২৪ পরগণা নিবাসী জনৈক শ্রী ভজং বাগ মহাশয়ের ষোলআনা স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে এবং তিনি উহাতে একক নির্ব্যূঢ় স্বত্বে খাসে ভোগদখল করিতে থাকাকালে হাল রিভিশন্যাল সেটেলমেন্ট জরীপে উক্ত

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ রু.  Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये  FIVE HUNDRED RUPEES



ভঙ্গ বাগ মহাশয়ের নাম বরাবর উক্ত নয়াবাদ মৌজার ৭৬ নং খতিয়ানভুক্ত জমিজমা ষোলআনা রেকর্ড লিপিবদ্ধ হইয়া তাহা চূড়ান্তভাবে প্রকাশিত ও প্রচারিত হয়।

তৎপর উপরোক্ত ভঙ্গ বাগ মহাশয় তাহার নিজ নামে হাল জরীপে রেকর্ডভুক্ত ও তাহার স্বত্ব দখলীয় উক্ত নয়াবাদ মৌজার হাল ৭৬ নং খতিয়ানভুক্ত ১৫৮ নং দাগভুক্ত ১.৬৪ শতক জমির মধ্যে পৃথক চিহ্নিত নিম্ন তপশীল বর্ণিত জমিজমা সহ আরও জমি বিক্রয় করিবার ঘোষণা করিলে, সাং জগদীশ পুর, থানা বারুইপুর, জেলা দক্ষিন ২৪ পরগণা নিবাসী স্বর্গীয় শ্যামদাস মন্ডলমহাশয়ের পুত্র শ্রী বিপদবারন মন্ডল, তাহা জানিয়া বিগত ইংরাজী ১৯৬১ সালের ৫ই মার্চ তারিখে মোকাম আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ২৬ নং ভল্যুমের ১৮০ হইতে ১৮৪ নং পাতায় লেখা ১০৬২ নং একক্তো কোবালা দলিল দ্বারা

500 Rs.

INDIA NON JUDICIAL

৫০০ রু.　Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये　FIVE HUNDRED RUPEES



Mrs. Kana Nag

উপরোক্ত জমিজমা উক্ত শ্রী ভজঁ বাগ মহাশয়ের নিকট হইতে উচিৎ মূল্যে খরিদ করিয়া তাহাতে মালিক দখলীকার হয়েন ।

এমতাবস্থায় উপরোক্ত শ্রী বিপদ বারন মণ্ডল মহাশয়ের নগদ অর্থের একান্ত প্রয়োজনে তাহার খরিদা উক্ত জমি জমা বিক্রয়ের ঘোষণা করিলে আমি অত্র কোবালা দাত্রী শ্রীমতী কনা নাগ তাহা জানিয়া বিগত ইংরাজী ১৬।১।১৯৮৬ তারিখে মোকাম আলিপুর ডি: রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৩২৫ নং ভল্যুমের ১৫৫ হইতে ১৬৪ নং পাতায় লেখা ১৬৫২০ নং একেতা কোবালা দলিল দ্বারা উক্ত নয়াবাদ মৌজার খান ৭৬ নং খতিয়ানভুক্ত ১৫৮ নং দাগভুক্ত কমবেশ ৬ কাঠা ১২ ছটাক ১৭ বর্গফুট জমি উপরোক্ত

Mrs. Kana Nag

500Rs.

INDIA NON JUDICIAL

५०० रु.

Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES



Mrs. Kana Nag

শ্রী বিপদ বারন মণ্ডল মহাশয়ের নিকট হইতে উচিৎ মূল্যে খরিদ করিয়া তাহাতে মালিক দখলকার থাকি ও আছি এবং উহাতে আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে।

এক্ষনে আমার নানাপ্রকার বৈধ ও ন্যায়সঙ্গত কারনে নগদ অর্থের একান্ত প্রয়োজনে আমার উক্ত জমিজমা হইতে উক্ত নয়াবাদ মৌজার খান ৭৬ নং খতিয়ানভুক্ত ১৫৮ নং দাগভুক্ত কমবেশ ৫ কাঠা ১০ ছটাক ৫ বর্গফুট জমি মং ২,৩০,০০০ দুইলক্ষ ত্রিশ হাজার টাকা পণ মূল্যে বিক্রয় করিবার ঘোষণা করিলে পর আপনি অত্র কোবালা গ্রহিতা উক্ত মূল্য ন্যায়সঙ্গত বিবেচনা করিয়া উহা খরিদ করিতে ইচ্ছুক হইয়া আমাকে জানাইলে আমি তাহাতে সম্মত ও রাজী হইয়া আপনার নিকট হইতে পণের সমুদয় টাকা গ্রহন করিয়া

500Rs.






Mrs. Kana Nag

এতদ্বারা স্বীকার, অঙ্গীকার প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

অত্র বিক্রীত নিম্নতফশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাহাকিছু স্বত্ব, স্বামিত্ব , দখল , লভ্য, অধিকার ছিল বা আছে তাহা অদ্য হইতে অত্র কোবালা বলে রদ, রহিত , বিলুপ্ত হইয়া সম্পূর্ণরূপে আপনাতে বর্তাইল ও অর্শাইল ।আপনি অদ্যকার তারিখ হইতে অত্র কোবালার বলে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে মালিক দখলীকার হইয়া বর্তমান মালিক সরকারে ও অন্যান্য প্রয়োজনীয় অফিসে আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন করত ধার্য্য খাজনাদি আদায় দিয়া ও তাহার রসিদাদী গ্রহনে যদেচ্ছামত দান, বিক্রয়, বন্ধক , হস্তান্তর ও রূপান্তরকরনের অবাধ ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি দায় ওয়ারিশানগণক্রমে চিরকাল পরমসুখে নিরাপদে নির্বিঘ্নে ভোগদখল করিতে থাকুন ও থাকিবেন, তাহাতে

500Rs.

INDIA NON JUDICIAL

५०० रु.

Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES



Mrs. Kana Nag

কস্মিনকালেও আমি কিংবা আমার ওয়ারিশানগণের যে কেহ কোনদিন কোনপ্রকার ওজরাপত্তি করিতে পারিবনা বা দাবীদাওয়া করিতে পারিবনা, করিলেও তাহা সর্ব্বত্র, সর্ব্বাদালতে রদ, বাতিল ও নামঞ্জুর হইবেক।

প্রকাশ থাকে যে, অত্র বিক্রীত নিম্নতপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতিপূর্বে আর অন্য কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা কোনপ্রকার হস্তান্তর করি নাই, উহা কোনপ্রকার মামলা মোকর্দ্দমার বিষয়ভুক্ত সম্পত্তি নহে, উহা কাহারও খোরপোষের [redacted] দায়ে বা জামিনাদিতে আবদ্ধ নাই, উহা কোন দেবোত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে, উহা আজপর্য্যন্ত কোন সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কর্ত্তৃক রিকুইজিশান বা এ্যাকুইজিশান হয় নাই, সম্পূর্ন

Mrs. Kana Nag.

500 Rs.




( ১ )

Mrs. Kana Nag.

নির্দ্দায় নির্দোষ অবস্থায় আমার খাস দখলে থাককালীন আপনাকে বিক্রয় করিলাম এবং বিক্রিত সম্পত্তিতে অদ্যই আপনাকে খোলসা খাস দখল দিলাম। আমি ওয়ারিশানগণক্রমে উহা হইতে চিরতরে নিস্বত্ত্ব ও দখলচ্যুত হইলাম।

আরও প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে আমার উপরি বর্ণিত উক্তি সমূহের মধ্যে কোন একটি উক্তি মিথ্যা বলিয়া প্রমানিত হয় তাহা হইলে আমি মাফিক আইনামলে আসিব এবং আপনার ক্ষতিপূরন করিতে ওয়ারিশানগণক্রমে বাধ্য রহিলাম ও রহিবেক।

আরও প্রকাশ থাকে যে, যদি অত্র কোবালা দলিলে ভবিষ্যতে কোনপ্রকার ভুলভ্রান্তি থাকা প্রকাশ পায়, তাহা হইলে আমি আপনার তলবমত, আপনার অনুরোধে, আপনার বরাবর

100 Rs.






Mrs. Kana Nag.

ভুলত্রুটীর সংশোধন দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে আমি মায় ওয়ারিশানগণএ যে বাধ্য ও স্বীকৃত রহিলাম ।

আরও প্রকাশ থাকে যে, বিক্রিত সম্পত্তি সংলগ্ন দক্ষিন পার্শস্থ নিজস্ব ১০´ ফুট সহ মোট ২০ ফুট প্রশস্থ কমন রাস্তার উপর দিয়া আপনি মায় আপনার ওয়ারিশানগণএ যে সম্ভাব্য যানবাহনাদি সহ অবাধে চলাচল এবং উহার উপর ও তলদেশ দিয়া জলকলের লাইন, টেলিফোন লাইন, বিজলীবাতির কানেকশান, জল নিকাশী ড্রেন, ইত্যাদি লইতে ও ব্যবহার করিতে পারিবেন ।

100 Rs.






এতদর্থে সুস্থশরীরে, সরলমনে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে, অন্যের বিনানুরোধে, অন্যের বিনা প্ররোচনায়, আপন খুশীতে, নিজ হিতার্থে অত্র কোবালা দলিল খানি লিখাইয়া তাহা পাঠ করিয়া উহার মর্ম সম্যক অবগত হইয়া এবং পণের লিখিত সমুদয় টাকা বুঝিয়া পাইয়া উহাতে সহি সম্পাদন করিলাম। ইতি, তাং ইংরাজী ২০০২ সালের- ২৫ শে জুলাই.

মোতাবেক বাংলা ১৪০৯ সনের - ৮ ই - শ্রাবণ.

বিক্রিত তপশীল সম্পত্তির পরিচয় :-

************* **********************

জেলা- দক্ষিন ২৪ পরগণা, থানা- সাবেক সদর টালিগঞ্জ, তৎপর যাদবপুর, পরে কসবা, হাল থানা- পূর্ব্ব যাদবপুর, সাবরেজিষ্ট্রী অফিস সাবেক আলিপুর অধুনা শিবাদহ

100Rs.






Mrs. Kana Nag.

পরগণা - খাসপুর, অত্র জেলা কালেক্টারী মহাল ৫৬ নং তৌজিভুক্ত, রে : সা : নং ৩, জে : এল : নং ২৫, মৌজা নয়াবাদ গ্রামে যাহা অধুনা কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ''১০৯'' নং ওয়ার্ডের অধীন, উক্ত নয়াবাদ মৌজার হাল রিভিশন্যাল সেটেলমেন্ট জরীপের ৭৬ নং খতিয়ানভুক্ত ১৫৮ একশত আটান্ন নং দাগভুক্ত কমবেশ ৫ পাঁচ কাঠা ১০ দশ ছটাক ৫ পাঁচ বর্গফুট শালী জমি যায় বিক্রিত জমির দক্ষিন পার্শ্বস্থ ২০´ফুট চওড়া রাস্তার যাবতীয় ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্ব সহ সম্পত্তি যাহা অত্র দলিল সাথ গ্রথিত নক্সায় লাল রং এর রেখার দ্বারা সীমাকৃত রহিয়াছে, তাহাই অত্র কোবালা দলিলের

100Rs.






Mrs. Kona Nag

বিত্রিন্তসম্পত্তি হইতেছে । বিত্রিন্ত সম্পত্তির বার্ষিক হারাহারী খাজনা ১.২৫ পয়সা মাত্র । জমা পশ্চিমবঙ্গ রাজ্য সরকার বাহাদুর সেরেস্তায় সন সন আদায় দিতে হয় ।

প্রকাশ থাকে যে, অত্র দলিলের সাথ গ্রথিত নক্সাখানি একাংশ বলিয়া সর্ব্বত্র গণ্য হইবে । উহাতে বর্ত্তমানে চাষাবাদ হইতেছে । বিক্রীত সম্পত্তি স্কীমের ১ ও ১০ নং প্লট ভুক্ত রহিয়াছে ।

10 Rs.






Mrs. Rama Nag

উহার চৌহদ্দি :-

*************************

উত্তর :- হাল ১৫৮ নং দাগের অংশ ।

দক্ষিন :- ২০ ফুট চওড়া কমন রাস্তা।

পূর্ব্ব :- স্কীমের ১১ নং প্লটের জমি ।

পশ্চিম :- ১১৭ নং দাগের অংশ ।